যদি আমরা আত্মার শক্তিতে জীবন ধারণ করি, তাহলে এস, আত্মার বাধ্য হয়ে চলি।

গালাতীয় ৫ঃ১৬–১৭, ১৯–২৫

তোমরা কি জান না যে ঈশ্বরদত্ত পবিত্র অত্মা তোমাদের অন্তরে বাস করেন, তোমাদের দেহ তাঁর মন্দির ?

তোমরা নিজেরাই নিজেদের মালিক নও। মূল্য দিয়ে তোমাদের কিনে নেওয়া হয়েছে।সুতরাং ঈশ্বরের গৌরবের জন্য তোমরা দেহ ধারণ কর।

১ করিন্থীয় ৬ঃ ১৯–২০

## ৩. চূড়ান্ত অভিজ্ঞতা

পরিত্রাতার প্রতিশ্রুতি

যীশু বললেনঃ যদি কেউ তৃষ্ণার্ত হয় সে আমার কাছে এসে পান করুক। শাস্ত্র বলেছেন, ‘আমার ওপর যার বিশ্বাস আছে, তার অন্তরে উৎসারিত হবে জীবনদায়ী জলের স্রোত।’ যীশু এ কথা পবিত্র আত্মা সম্বন্ধে বলেছিলেন। তাঁকে যারা বিশ্বাস করবে, পরে এই পবিত্র আত্মা তারা লাভ করবে।

আমি এসেছি যাতে মানুষ জীবন পায়–প্রাচুর্যময় সে জীবন।

যোহন ৭ঃ৩৭–৩৯ ক, ১০ঃ১০ খ

“প্রাচুর্যময় সেই জীবনে” প্রকৃত পরিতৃপ্তি লাভ সম্ভব।

দয়া করে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুনঃ

**BIBLE HOUSE**
**SYNOD CONFERENCE CENTRE**
**MISSION VENG, AIZAWL - 796 001**
**MIZORAM**

*Published by:*
**THE BIBLE SOCIETY OF INDIA**
*QUEST FOR SATISFACTION - Bengali*
50S 00711/2020-21/50M ISBN 81-221-0536-X
ISBN 978-81-221-0536-1

# তৃপ্তির সন্ধানে



# তৃপ্তির সন্ধানে

জনপ্রিয়তা ?

ফ্যাশন ?

আমোদ-আহ্লাদ ?

নেশা ?



বহুকাল আগে একজন এর সবগুলিই পরীক্ষা করে দেখেছিলেন। তিনি ছিলেন একজন রাজা ধনবান, ক্ষমতাশালী, সুপুরুষ এবং জনপ্রিয়। শুনুন তাঁর অভিজ্ঞতার কথা—

**আমি আনন্দের স্বাদ পাবার জন্য আমোদ-আহ্লাদের ভোগসুখে গা ভাসিয়ে দিলাম। কিন্তু দেখলাম, এ সবই অসার। আমি আবিষ্কার করলাম, হাসি মূর্খতামাত্র আর আমোদ-আহ্লাদে কারও ভালো কিছু হয় না। প্রজ্ঞালাভের ইচ্ছা ত্যাগ করে আমি সুরাপানে আনন্দ খুঁজে পেতে চাইলাম, সুখের জোয়ারে সময়কে ভাসিয়ে দিতে চাইলাম। ভাবলাম, এইটিই বোধহয় সবচেয়ে সেরা পথ, এই পথেই মানুষ তার পার্থিব জীবনের সংক্ষিপ্ত দিনগুলি কাটিয়ে দিতে পারে।**

উপদেশক ২ : ১-৩

**যা কিছু আমি চেয়েছি, পেয়েছি। কোন আনন্দ উপভোগ থেকে আমি নিজেকে বঞ্চিত রাখি নি। পরিশ্রমের ফলস্বরূপ যা কিছু আমি পেয়েছি, তার সবগুলির জন্য অমি গর্বিত এবং সেগুলি আমার পুরস্কার। তারপর সেগুলির কথা যখন আমি ভাবতাম, দেখতাম এসবের জন্য কত কঠোর পরিশ্রমই না আমি করেছি, তখন উপলব্ধি করতাম যে এ সব নিরর্থক। এ যেন বাতাসের পিছনে ছোটা–সবই বৃথা!**

উপদেশক ২ : ১০-১১

**সুখের সন্ধানে ফেরা আর বাতাসের পিছনে দৌড়ানোর একই অর্থ–আপনি কখনও তা লাভ করবেন না।**

**এখানে তার একটি পরিবর্ত রয়েছে।**

**এর মধ্যে আপনি সত্যিকারের তৃপ্তি খুঁজে পাবেনঃ**

## ১. আদর্শগুলি লক্ষ্য করুন

একজন জননীর উপদেশ...

বৎস, তুমি আমার গর্ভের সন্তান
আমার মানত করা পুত্র,
তোমাকে আমি কি শেখাব?
শোন, লেমুয়েল,
সুরাপান ও পানাসক্তি
রাজাদের পক্ষে উচিত নয়।
তারা সুরাপান করলে
আইন-কানুন ভুলে যায়,
প্রজাদের ওপর সুবিচার করতে পারে না।
মরণাপন্ন ও দুঃখক্লিষ্ট লোকদের জন্যই
সুরার প্রয়োজন।

হিতোপদেশ ৩১ঃ২, ৪–৬

## ২. আপনার অন্তর্দ্বন্দ্ব ও আপনার শক্তি সম্বন্ধে অবহিত হোন!

একজন গুরুর বিশ্লেষণ...

**আমি বলি পবিত্র আত্মার বাধ্য হয়ে চল, তাহলে আর মানব প্রকৃতির চাহিদা মিটাতে হবে না। কারণ দেহের চাহিদা আত্মার চাহিদার বিরোধী। আর আত্মা আর জৈব প্রকৃতি পরস্পরবিরোধী বলে এদের আকর্ষণ বিপরীতমুখী, তাই যা করতে চাও, তা পার না।**

**মানুষের স্বভাব সবাই জানেঃ ব্যভিচার, অশুচিতা, উচ্ছৃংখলতা, পৌত্তলিকতা, বশীকরণ, শত্রুতা, দ্বন্দ্ব, ঈর্ষা, ক্রোধ, স্বার্থপরতা, মতভেদ, দলাদলি, হিংসা, মাতলামি, হৈ-হুল্লোড়, এবং এ ধরণের, পাপ যেগুলি আমি তোমাদের আগেও বলেছি, এখনও বলছি, এসব যারা করে তারা ঐশরাজ্যের কোন আধিকার পাবে না। কিন্তু পবিত্র আত্মা যে ফসল উৎপন্ন করেন, তা হোল–আনন্দ, শান্তি সহিষ্ণুতা, সহৃদয়তা, হিতৈষণা, বিশ্বস্ততা, অমায়িকতা, আত্মসংযম। এসবের বিরুদ্ধে কোন বিধিনিষেধ নেই। যারা খ্রীষ্ট যীশুর আপনজন, তারা সমস্ত কামনা-বাসনা শুদ্ধ নিজের মানব সত্তাকে ক্রুশবিদ্ধ করেছে।**

৩. চূড়ান্ত অভিজ্ঞতা

BIBLE HOUSE
SYNOD CONFERENCE CENTRE
MISSION VENG, AIZAWL - 796 001
MIZORAM

# তৃপ্তির সন্ধানে



যদি আমরা আত্মার শক্তিতে জীবন ধারণ করি, তাহলে এস, আত্মার বাধ্য হয়ে চলি।

গালাতীয় ৫ঃ ১৬–১৭, ১৯–২৫

তোমরা কি জান না যে ঈশ্বরদত্ত পবিত্র অতমা তোমাদের অন্তরে বাস করেন, তোমাদের দেহ তাঁর মন্দির?

তোমরা নিজেরাই নিজেদের মালিক নও। মূল্য দিয়ে তোমাদের কিনে নেওয়া হয়েছে।সুতরাং ঈশ্বরের গৌরবের জন্য তোমরা দেহ ধারণ কর।

১ করিন্থীয় ৬ঃ ১৯–২০

পরিত্রাতার প্রতিশ্রুতি

যীশু বললেনঃ যদি কেউ তৃষ্ণার্ত হয় সে আমার কাছে এসে পান করুক। শাস্ত্র বলেছেন, ‘আমার ওপর যার বিশ্বাস আছে, তার অন্তরে উৎসারিত হবে জীবনদায়ী জলের স্রোত।’ যীশু এ কথা পবিত্র আত্মা সম্বন্ধে বলেছিলেন। তাঁকে যারা বিশ্বাস করবে, পরে এই পবিত্র আত্মা তারা লাভ করবে।

আমি এসেছি যাতে মানুষ জীবন পায়–প্রাচুর্যময় সে জীবন।

যোহন ৭ঃ ৩৭–৩৯ ক, ১০ঃ ১০ খ

“প্রাচুর্যময় সেই জীবনে” প্রকৃত পরিতৃপ্তি লাভ সম্ভব।

দয়া করে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুনঃ

*Published by:*
**THE BIBLE SOCIETY OF INDIA**
*QUEST FOR SATISFACTION - Bengali*
50S 00711/2020-21/50M ISBN 81-221-0536-X
ISBN 978-81-221-0536-1

